ছা/৩৮৭

দৈনিক ইনকিলাব

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

145

# রাকসু নির্বাচন বিভিন্ন মহলে নানা প্রশ্ন

*॥ রাঃ বিঃ রিপোর্টার ॥*

২৪ নভেম্বর।— আগামী ২ ডিসেম্বর অনুষ্ঠিতব্য রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ 'রাকসু' নির্বাচন নানা রহস্যজনক নাটকীয়তায় মোড় নিয়ে এখনও অস্পষ্টতার আবর্তে ঘুরপাক খাচ্ছে। গতকাল বিকাল ৩টায় চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের সময় পূর্ব নির্ধারিত থাকলেও বিকাল পর্যন্ত তা প্রকাশ করা হয়নি।

ফলে বিভিন্ন মহলে নানান প্রশ্নের সৃষ্টি হয়েছে। বয়কটকৃত ছাত্র দলের গ্রুপটিকে নির্বাচনে ফিরিয়ে আনার জোর প্রক্রিয়া শুরু হয়েছে। শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে রাকসু নির্বাচন সম্পন্নের জন্য ছাত্র দলের অন্তর্ভুক্তির কথা চিন্ত করা হচ্ছে বলে জানা গেছে। যদিও তাদের অভ্যন্তরীণ কোন্দলের কারণে একক প্যানেল জমাদানে ব্যর্থ হওয়ায় আইনগতভাবে অংশগ্রহণ করতে পারছে না। এখন তা বিভিন্ন-সংগঠনের সম্মতির উপর নির্ভর করছে।

ঐক্যজোট নেতা মোঃ তৌহিদুর রহমান জানিয়েছেন, ক্যাম্পাসকে শান্ত রাখার স্বার্থে ছাত্র দল প্রতিদ্বন্দ্বিতায় ফিরে আসুক তা তারাও চায়। প্রশাসন ও ছাত্র দলের পক্ষ থেকে এ ব্যাপারে তাদের সাথে আলাপ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানিয়েছে, একটি বিশেষ সময়ে ছাত্র দলের মনোনয়ন জমা নিয়ে নির্বাচনে অংশ গ্রহণ নিশ্চিত করা হতে পারে। ছাত্র লীগ (ম-ই) ও বাম সংগঠনের মোর্চার সমন্বয়ে বৃহত্তর প্যানেল আজ সন্ধ্যা ৭টা এ রিপোর্ট লেখা পর্যন্ত ঘোষণা করা হয়নি।

ছাত্র ইউনিয়ন ও ইসলামী ছাত্র শিবির ক্যাম্পাসে পৃথক পৃথক প্যানেল মিছিল করেছে।